



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস বিজ্ঞপ্তি

২১ এপ্রিল ২০২২

বাউবিতে ইনোভেশন টিমের সভা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনোভেশন টিমের এক সভা ২০ এপ্রিল ২০২২ বুধবার বাউবি'র মাননীয় ট্রেজারার ও ইনোভেশন টিমের সভাপতি অধ্যাপক মোস্তফা আজাদ কামাল এর সভাপতিত্বে তার গাজীপুরস্থ অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতির বক্তব্যে অধ্যাপক মোস্তফা আজাদ কামাল প্রতিষ্ঠানে সুশাসন সংহতকরণে উদ্ভাবনী চর্চার গুরুত্ব, উদ্ভাবন অনুশীলন এবং সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং কাজের গুণগত পরিবর্তন আনয়নের বিষয়ে গুরুত্ব আরোপ করেন।



বাউবি'র ইনোভেশন টিমের ১৪তম সভায় সভাপতিত্ব করছেন ট্রেজারার ও ইনোভেশন টিমের সভাপতি অধ্যাপক মোস্তফা আজাদ কামাল

সভায় বাউবি পরিক্রমা প্রকাশ, বাউবি সম্পর্কে বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ, বাউবি ও দূরশিক্ষণের ওপর পত্র পত্রিকায় প্রকাশিত ফিচার ও প্রবন্ধ বাউবি'র ওয়েব সাইটে সংযোজনের বিষয়ে আলোচনা করা হয়।

সভায় অন্যান্যদের মধ্যে আলোচনায় অংশ নেন রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম, অধ্যাপক ডা. সরকার মোঃ নোমান, অধ্যাপক ড. মোঃ শাহ আলম সরকার, কম্পিউটার বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক মোঃ মাসুম বিল্লাহ, তথ্য ও গণসংযোগ বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন, লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগের ভারপ্রাপ্ত লাইব্রেরিয়ান সঙ্গীতা মোরশেদ। অনুষ্ঠান সঞ্চালনা করেন ইনোভেশন টিমের সদস্য-সচিব নাগিস আখতার।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল ০১৭১২৫৯৯৫০৪